

জঙ্গলমহলের রোহিত, মহাদেব দারুণ উজ্জ্বল সিবিএসই-তে



রোহিতকুমার মাণ্ডি, মহাদেব বাগাল।

আজকালের প্রতিবেদন

ঝাড়গ্রামের প্রত্যন্ত এলাকা থেকে কলকাতার সাউথ পয়েন্ট হাই স্কুলে পড়ার সুযোগ পেয়েছিল রোহিতকুমার মাণ্ডি এবং মহাদেব বাগাল। ষষ্ঠে ভর্তি হয়েছিল দুই আদিবাসী কিশোর। প্রত্যন্ত গ্রাম থেকে কলকাতায় এসে শুরুতে তারা একটু অস্বচ্ছন্দ বোধ করত। কিন্তু শিক্ষিক-শিক্ষিক, পড়ুয়ারা তাদের যেভাবে সাহায্য করেছে, তা অতুলনীয়। এ বছর সিবিএসই পরীক্ষায় রোহিত ৭৪ শতাংশ এবং মহাদেব ৮৩.৬ শতাংশ নম্বর পেয়েছে। এর মধ্যে মহাদেব বাংলায় পেয়েছে ৯৭ শতাংশ, ইংরেজিতে ৯১ শতাংশ। তারা দু'জনেই একাদশে বাণিজ্য নিয়ে ভর্তি হয়েছে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জঙ্গলমহলের ১১ জন ছেলেমেয়ের পড়াশোনার জন্য এই স্কুলের ওপর দায়িত্ব দিয়েছিলেন। স্কুল সেই দায়িত্ব নেয়। পড়াশোনার যাবতীয় খরচ এবং অন্যান্য খরচও স্কুলই দেয়। মহাদেব এবং রোহিত দু'জনেই স্কুলের মুখ উজ্জ্বল করেছে। এই ফলাফলে খুশি সাউথ পয়েন্ট হাই স্কুলের অধ্যক্ষ রূপা সান্যাল ভট্টাচার্য। তিনি বলেন, শিক্ষকরা সাহায্য করেছেন। পড়ুয়ারাও পাশে দাঁড়িয়েছে। আমরা ভীষণ খুশি। খেলাধুলাতেও ওরা ভীষণ পারদর্শী। পাহাড়ে ওঠা, সাঁতার, ফুটবল— সবই ওরা পারে।

Aajkal 18th July 2020